



বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়
মতিবিল, ঢাকা-১০০০
বাংলাদেশ।

website: www.bb.org.bd

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ

বিআরপিডি সার্কুলার নং- ১২

০৬ আষাঢ় ১৪৩০

তারিখ: -----

২০ জুন ২০২৩

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক

প্রিয় মহোদয়,

জাহাজ নির্মাণকারী শিল্প প্রতিষ্ঠানের ঋণ/বিনিয়োগ হিসাব পুনঃতফসিলিকরণ প্রসঙ্গে।

জাহাজ শিল্পের টেকসই উন্নয়ন, রপ্তানি আয় ও কর্মসংস্থান বৃদ্ধি এবং আমদানি নির্ভরতা ক্রমান্বয়ে কমিয়ে এনে দেশের আর্থ-সামাজিক অবস্থার উন্নয়নের লক্ষ্য সামনে রেখে সরকার “জাহাজ নির্মাণ শিল্প উন্নয়ন নীতিমালা ২০২১” প্রণয়ন করেছে। কোভিড- ১৯ এর দীর্ঘমেয়াদী নেতিবাচক প্রভাব, বহির্বিপ্লবে যুদ্ধাবস্থা প্রলম্বিত হওয়াসহ নানাবিধ নিয়ন্ত্রণ বহির্ভূত কারণে রপ্তানিমুখী ও স্থানীয় জাহাজ নির্মাণকারী ক্ষতিগ্রস্ত শিল্প প্রতিষ্ঠানের নগদ প্রবাহ বিরূপভাবে প্রভাবিত হওয়ায় কোন কোন ক্ষেত্রে যথাসময়ে কিস্তি পরিশোধ করা সম্ভব হচ্ছে না মর্মে জানা গিয়েছে। এরূপ পরিস্থিতিতে দীর্ঘদিনের অনাদায়ী ঋণ আদায় ও শ্রেণিকৃত ঋণের পরিমাণ হ্রাসকরণের লক্ষ্যে ক্ষতিগ্রস্ত গ্রাহকের ঋণ পরিশোধ প্রক্রিয়া সহজীকরণ করার আবশ্যিকতা দেখা দিয়েছে। এক্ষেত্রে, ক্ষতিগ্রস্ত রপ্তানিমুখী ও স্থানীয় জাহাজ নির্মাণকারী শিল্প প্রতিষ্ঠানের আবেদন পর্যালোচনাপূর্বক প্রতিটি কেসের গুণাগুণ বিবেচনায় নিয়ে ব্যাংকার-গ্রাহক সম্পর্কের ভিত্তিতে নিম্নরূপ সুবিধা প্রদান করা যেতে পারে:

- ক) আলোচ্য খাতে ৩০ জুন ২০২৩ ভিত্তিক বিদ্যমান ঋণ/বিনিয়োগ স্থিতির সুদ এবং আসল পৃথককরতঃ ২টি হিসাব সৃষ্টি করতে হবে;
- খ) সুদ বাবদ স্থিতি সুদবিহীন ব্লক হিসাবে স্থানান্তর করতে হবে এবং আসল বাবদ পাওনার উপর ব্যাংক প্রচলিত নিয়মানুযায়ী সুদ আরোপ করতে পারবে;
- গ) ২ বছরের গ্রেস পিরিয়ডসহ মোট ১০ বছরে আদায়যোগ্য ধরে আলোচ্য ঋণ/বিনিয়োগ পুনঃতফসিল করা যাবে;
- ঘ) গ্রেস পিরিয়ড সমাপনান্তে প্রথমে আসল আদায় করতে হবে। অতঃপর ব্লক হিসাবে রক্ষিত সুদ আদায় করবে। তবে কোন গ্রাহক ইচ্ছা করলে গ্রেস পিরিয়ডের মধ্যেও আসল এবং সুদ বাবদ পাওনা অর্থ পরিশোধ করতে পারবে;
- ঙ) এ সুবিধা প্রদানের ক্ষেত্রে ন্যূনতম ২.৫০ শতাংশ ডাউন পেমেন্ট আদায় করতে হবে;
- চ) জাল-জালিয়াতির মাধ্যমে সৃষ্ট ঋণ/বিনিয়োগ এর ক্ষেত্রে এ সার্কুলারে বর্ণিত সুবিধা কার্যকর হবে না;
- ছ) নির্ধারিত সময়ের মধ্যে আসল ও সুদ বাবদ পাওনা অর্থ আদায়ে ব্যর্থ হলে ব্যাংক প্রয়োজনীয় আইনগত পদক্ষেপ গ্রহণপূর্বক ঋণ/বিনিয়োগ আদায় করবে;
- জ) এ সার্কুলার জারির তারিখ হতে ৯০ দিনের মধ্যে ডাউন পেমেন্ট বাবদ প্রয়োজনীয় অর্থ নগদে জমাদানপূর্বক গ্রাহক আবেদন করতে পারবে; এবং
- ঝ) ঋণগ্রহীতার আবেদন প্রাপ্তির তারিখ হতে ৬০ দিনের মধ্যে ব্যাংক কর্তৃপক্ষ গ্রাহকের আবেদন নিষ্পত্তি করবে।

ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো, যা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ আলী আকবর ফরাজী)
পরিচালক (বিআরপিডি)
ফোন: ৯৫৩০২৫২।